# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 12-09-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) ভারতের পঞ্চদশ উপরাষ্ট্রপতি হিসেবে সি.পি. রাধাকৃষ্ণন আজ শপথ গ্রহণ করেছেন। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, আজ তাঁকে শপথবাক্য পাঠ করান।

২) বীরভূমের নলহাটিতে পাথরখাদানে ধ্বস নেমে কমপক্ষে ৬ জন শ্রমিকের মৃত্যু হয়েছে। গুরুতর আহত ৩ জন।

৩) পশ্চিমবঙ্গে SIR-এর প্রস্তুতি খতিয়ে দেখতে আগামী ১৭-ই সেপ্টেম্বর রাজ্যে আসছেন সিনিয়ার ডেপুটি নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতী।

এদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, এরাজ্যে এসআইআর অতি অবশ্যই হবে।

৪) দক্ষিণেশ্বর মেট্রো স্টেশনে আজ এক স্কুল ছাত্রকে কুপিয়ে খুনের ঘটনায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে।

এদিকে, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের স্নাতকস্তরে তৃতীয় বর্ষের এক ছাত্রীর অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় পুলিশ আজ বেশ কয়েকজনকে জিজ্ঞাসাবাদ করছে।

৫) সরকারি আবাসনের কোয়ার্টার পেতে হলে রাজ্য সরকারি কর্মীদের এবার থেকে শুধুমাত্র অনলাইনে আবেদন করতে হবে।

oooooooooooooooooo

ভারতের পঞ্চদশ উপরাষ্ট্রপতি হিসেবে সি.পি. রাধাকৃষ্ণন আজ শপথ গ্রহণ করেছেন। রাষ্ট্রপতি ভবনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, শ্রী রাধাকৃষ্ণনকে শপথবাক্য পাঠ করান।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ, প্রাক্তন উপরাষ্ট্রপতি জগদীপ ধানখড়, কেন্দ্রীয় মন্ত্রী অমিত শাহ, রাজনাথ সিং, জে পি নাড্ডা, পীযূষ গোয়েল এবং নীতিন গড়কড়ি সহ অন্যরা।

oooooooooooooooooo

বীরভূমের নলহাটিতে পাথরখাদানে ধ্বস নেমে কমপক্ষে ৬ খাদান শ্রমিকের মৃত্যু হয়েছে। গুরুতর আহত আরও ৩ শ্রমিক। তাদের রামপুরহাট মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। জানা গেছে, বাহাদুরপুর খাদানে পাথর তোলার জন্য বিস্ফোরণের পর হঠাৎ-ই আলগা হয়ে যাওয়া পাথর নীচের দিকে গড়াতে শুরু করে। সে সময় খাদানের ভেতরে ১২ জন শ্রমিক কাজ করছিলেন । সেখানেই চাপা পড়ে যান তারা। পুলিশ ও খাদান শ্রমিকরা মিলে গুরুতর আহত অবস্থায় তিনজনকে উদ্ধার করলেও বাকি শ্রমিকদের এখনও খোঁজ পাওয়া যায়নি। তল্লাশি চলছে।

oooooooooooooooooooo

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়া বা SIR-এর প্রস্তুতি খতিয়ে দেখতে সিনিয়ার ডেপুটি নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতী  আগামী ১৭-ই সেপ্টেম্বর রাজ্যে আসছেন।

সঠিক পদ্ধতি মেনে এবং সামগ্রিক পরিস্থিতি স্বাভাবিক রেখে কিভাবে সংশোধনের কাজ করা যায়, তা পর্যালোচনা করাই এই সফরের উদ্দেশ্য বলে কমিশন সূত্রে জানা গেছে। আগামী ১৮-ই ও ১৯-শে সেপ্টেম্বর তিনি ভিডিও কনফারেন্সের মাধ্যমে সব জেলার নির্বাচনী আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন।

oooooooooooooooooooo

রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, এরাজ্যে এসআইআর অতি অবশ্যই হবে এবং তাতে অবৈধ অনুপ্রবেশকারী ও রোহিঙ্গাদের চিহ্নিত করা হবে। ২০২৬-এর নির্বাচনে জিতে এসে নতুন বিজেপি সরকার তাদের বিরুদ্ধে যথাযথ আইন সম্মত ব্যবস্থা নেবে। আজ কৃষ্ণনগরে রাজবাড়ি এলাকা থেকে পোস্ট অফিস মোড় পর্যন্ত একটি মিছিলে যোগ দেন তিনি।

পরে তিনি একটি প্রতিবাদ সভায় বলেন, মুখ্যমন্ত্রী ভয় পাচ্ছেন, কারণ তিনি জানেন, এসআইআর হলে এরাজ্যে তৃণমূল কংগ্রেসের হার অবশ্যম্ভাবি।

(বাইট – শুভেন্দু)

oooooooooooooooooooo

দক্ষিণেশ্বর মেট্রো স্টেশনে আজ এক স্কুল ছাত্রকে কুপিয়ে খুনের ঘটনায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। জানা গেছে, স্টেশনের টিকিট কাউন্টারের সামনে আজ দুপুরে দু-দল পড়ুয়ার মধ্যে বচসা বাধে। ক্রমে তা হাতাহাতিতে রূপ নেয়। এর মধ্যে একজন ছুরি নিয়ে মনোজিত যাদব নামে ১৭ বছর বয়সী বাগবাজার হাইস্কুলের ছাত্রের ওপর চড়াও হয় বলে অভিযোগ। রক্তাক্ত অবস্থায় মনোজিৎকে প্রথমে সাগর দত্ত এবং পরে বরানগর হাসপাতালে নিয়ে যাওয়া হলে সেখানেই সে প্রাণ হারান। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছন ব্যারাকপুর পুলিশ কমিশনারেটের উপ-

নগরপাল দক্ষিণ অনুপম সিং। তিনি জানান, সিসিটিভির ফুটেজ খতিয়ে দেখে তদন্ত শুরু হয়েছে।  এই ঘটনায় এখনও পর্যন্ত পুলিশ তিন পড়ুয়াকে আটক করেছে।

(বাইট – অনুপম সিং)

০০০০০০০০০০০০০০০০০০০০০

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের চার নম্বর গেট সংলগ্ন ঝিলপাড়ে ইংরেজী বিভাগের স্নাতকস্তরে তৃতীয় বর্ষের ছাত্রী অনামিকা মন্ডলের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় পুলিশ আজ বেশ কয়েকজনকে জিজ্ঞাসাবাদ করাছে। ময়নাতদন্তের রিপোর্ট পাওয়া গেলে মৃত্যুর সঠিক কারণ স্পষ্ট হবে বলে মনে করা হচ্ছে। এই ঘটনায় পুলিশ অস্বাভাবিক মৃত্যুর মামলা দায়ের করে তদন্ত শুরু করেছে। তবে, ইতিমধ্যেই বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা ব্যবস্থা নিয়ে উঠছে একাধিক প্রশ্ন।

এই ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন, কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার । দুর্গাপুর এন আই টি-র একটি অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন, যাদবপুর একটি শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান, এখানে পরপর পড়ুয়া মৃত্যুর ঘটনা যথেষ্ট চিন্তার কারণ।

(বাইট – সুকান্ত)

০০০০০০০০০০০০০০০০০০০০

আনন্দপুর থানা এলাকায় গুলশন কলোনীতে গতকাল দুষ্কৃতিদের তান্ডবের ঘটনার জেরে পুলিশ তিনজনকে গ্রেফতার করেছে। ২ জনকে এন্টালি থানা ও একজনকে নারকেলডাঙা থানা এলাকা থেকে ধরা হয়। ধৃতদের কাছ থেকে দেশী

বন্দুক ও বেশ কয়েক রাউন্ড কার্তুজ পাওয়া গেছে। ধৃতদের নাম সাজিদ, নাসিম ও ছোটকা রাজ।

oooooooooooooooooooooooooooo

সরকারি আবাসনের কোয়ার্টার পেতে হলে রাজ্য সরকারি কর্মীদের এবার থেকে শুধুমাত্র অনলাইনে আবেদন করতে হবে। আবাসন দপ্তর ইতিমধ্যেই এ নিয়ে বিজ্ঞপ্তি জারি করেছে। সেখানে স্পষ্ট বলা হয়েছে, অফলাইনে আর কোনও আবেদন গ্রহণ করা হবে না। সরকারি কর্মীরা এখন থেকে আবাসন দপ্তরের পোর্টালে আবেদন করতে পারবেন।

কলকাতা-সহ রাজ্যের বিভিন্ন জেলায় সরকারি কর্মীদের জন্য কোয়ার্টার রয়েছে। এতদিন পর্যন্ত নির্দিষ্ট ফর্ম পূরণ করে, অফিসের ঊর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে অফলাইনে আবেদন জমা দিতে হতো।

oooooooooooooooooooo

সম্প্রতি পণ্য পরিষেবা কর ব্যবস্থার সরলীকরণ করা হয়েছে। এই পরিবর্তন আগামী ২২ তারিখ থেকে কার্যকর হতে চলেছে।

একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট – কাশফিন)

ooooooooooooooooooo

নদীয়ার ভাতজাংলায় আজ প্রেস ইনফরমেশন ব্যুরোর পক্ষ থেকে বার্তালাপ অনুষ্ঠানের আয়োজন করা হয়। সূচনা করেন পিআইবি-র পূর্বাঞ্চল মহা নির্দেশক টিভিকে রেড্ডি। উপস্থিত ছিলেন বিশিষ্ট সাংবাদিক দেবদূত ঘোষ ঠাকুর, কলকাতা পিআইবি-র অতিরিক্ত মহা নির্দেশক জেন নামচু। ডাইরেক্টর জেনারেল টিভিকে

রেড্ডি তার বক্তব্যে পিআইবি-র নানাবিধ কাজের কথা তুলে ধরে বলেন, বর্তমান সময়ে নানা ধরনের খবর যাচাই করাবর জন্য প্রেস ইনফরমেশন ব্যুরোর পিআইবিএর ফ্যাক্ট চেক্ একমাত্র নির্ভরযোগ্য ব্যবস্থা।

০০০০০০০০০০০০০০০০০

পুজোর আগে ডুয়ার্সে একসঙ্গে বন্ধ হয়ে গিয়েছে তিনটি চা বাগান। ডুয়ার্সের বানারহাট ব্লকের অন্তর্গত রেডব্যাংক চা বাগান, সুরেন্দ্রনগর চা বাগান এবং চামুর্চি চা বাগান বন্ধ হয়ে যাওয়ায় কর্মহীন হয়ে পড়েছেন কয়েক হাজার শ্রমিক। এই তিনটি চা-বাগান একই মালিকের মালিকানাধীন। অভিযোগ, বিনা নোটিশে গতকাল রাতের অন্ধকারে চা বাগান ছেড়ে পালিয়ে যায় কর্তৃপক্ষ।

আজ সকালে বিষয়টি জানাজানি হতে, বাগানগুলির ফ্যাক্টরির সামনে জড়ো হয়ে এবং বানারহাট থেকে চালসাগামী জাতীয় সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখান শ্রমিকরা। তাঁদের দাবি, মজুরি বকেয়া রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

শিকাগোয় বিশ্ব ধর্ম সম্মেলনে স্বামী বিবেকানন্দের ঐতিহাসিক বক্তৃতার স্মরণে সারা দেশের সঙ্গে রাজ্য জুড়ে ‘নরেন্দ্র কাপ’ ফুটবল প্রতিযোগিতা শুরু হয়েছে। রাজ্যের ৪৬-টি জায়াগায় এই প্রতিযোগিতা হবে।

আজ প্রতিযোগিতার দ্বিতীয় দিনে বিজেপি-র রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য, কলকাতার বি এন আর হাসপাতাল সংলগ্ন শেরশাহ্ ময়দান, খড়দার বন্দিপুর সম্মিলনী ময়দান ও বারাসাত শতদল ময়দানে উপস্থিত ছিলেন। তিনি বলেন, স্বামী বিবেকানন্দ ভারতের আধ্যাত্মিকতাবাদকে সারা বিশ্বের কাছে তুলে ধরেছিলেন। তাই, স্বামীজীর শিকাগো বক্তৃতার দিনে এই প্রতিযোগিতা শুরু করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা প্রেস ক্লাবের উদ্যোগে আজ বিভিন্ন সংবাদ মাধ্যমের প্রতিনিধিদের নিয়ে রিপোর্টার্স কাপ ফুটবল প্রতিযোগিতার আয়োজন করা হয়। **১১** টি দল এই প্রতিযোগিতায় অংশ নিয়েছিল। ফাইনালে বিশ্ব বাংলা সংবাদ ১-০ গোলে সংবাদ প্রতিদিন কে হারিয়ে চ্যাম্পিয়ন হয়। গোল করেছেন দেবজিৎ সাহা। প্রাক্তন ফুটবলার গৌতম সরকার, মানস ভট্টাচার্য, কুন্তলা ঘোষ দস্তিদার উপস্থিত ছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০